প্রাজিপ্র - প্রায়ই জিজ্ঞাসিত প্রশ্নসমূহ

হেরিটেজ ভাষা শিক্ষার্থীর স্ব-মূল্যায়ন

হেরিটেজ ভাষা শিক্ষার্থীর স্ব-মূল্যায়ন কি?

- এই স্ব-মূল্যায়ন হচ্ছে ক্রমানুসারে সাজানো একগুচ্ছ ফর্ম যা একজন শিক্ষার্থী তার হেরিটেজ ভাষার উপরে তার দক্ষতা মূল্যায়নের জন্য ব্যবহার করতে পারবে। এই ফর্মগুলোতে ভাষার দক্ষতার বিবরণ দেয়া আছে। শিক্ষার্থী নিজে ঠিক করবে স্ব-মূল্যায়নের ফর্মগুলোতে উল্লেখিত তালিকার দক্ষতাগুলো সে অর্জন করেছে কী না।

শিক্ষার্থীরা নিজেরাই কেন তাদের অগ্রগতির মূল্যায়ন করছে? এটা কি শিক্ষকের কাজ নয়?

- স্ব-মূল্যায়ন শিক্ষার্থীদের অনুধাবন করতে সাহায্য করে ক) তারা কি শিখেছে খ) কীভাবে শেখে এবং গ) কোথায় উন্নতি করা যেতে পারে। শিক্ষক ভাষা শিক্ষার ব্যাপারে নির্দেশাবলী, উপদেশ এবং অনুকূল পরিবেশ প্রদান করেন।

- এই স্ব-মূল্যায়ন সংক্রান্ত ফর্মগুলোর কেন্দ্রীভূত লক্ষ্য হচ্ছে শিক্ষার্থী কী পারে তা, কী পারে না তা নয়। সব শিক্ষার্থীই তার অগ্রগতি বুঝতে পারবে, যদিও সে সামনে সামান্য একধাপ এগোয়।

স্ব-মূল্যায়নের ফর্মগুলোর বিকাশ কীভাবে হয়েছে?

- স্ব-মূল্যায়নের এই ফর্মগুলোর ভিত্তি হচ্ছে ভাষার সাধারণ সূচকের অবকাঠামো, ভাষার একটি আন্তর্জাতিক মানদণ্ড [Common Framework of Reference for Languages (CFR)] যা অতিরিক্ত ভাষার জন্য শিক্ষা মন্ত্রণালয় সুপারিশ করেছে।

- ভাষার সাধারণ সূচকের অবকাঠামো সামঞ্জস্যপূর্ণ মান এবং পারিভাষিক শব্দ প্রদান করে যার সাহায্যে সকল শিক্ষার্থীকে একই নির্ণায়কবলীর দ্বারা মূল্যায়ন করা যায়। এ ব্যাপারে আরও জানতে হলে www.coe.int/lang-CEFR ওয়েব সাইটটি পরিদর্শন করুন।

স্ব-মূল্যায়ন ফর্মের সংখ্যা কয়টি?

- স্ব-মূল্যায়নের জন্য মোট দশটি ফর্ম আছে যা চার ভাগে বিভক্ত:
  - ১টি ফর্ম, প্রারম্ভিক বছরগুলোর জন্য – প্রাক্-স্কুল, প্রাক্-কিন্ডারগার্টেন, কিন্ডারগার্টেন এর ছাত্র-ছাত্রীদের জন্য;
  - ৩টি ফর্ম, প্রাথমিক বছরগুলোর জন্য – গ্রেড ১-৫ এর ছাত্র-ছাত্রীদের জন্য;
  - ৩টি ফর্ম, মধ্যস্হ বছরগুলোর জন্য – গ্রেড ৬-৯ এর ছাত্র-ছাত্রীদের জন্য; এবং
  - ৩টি ফর্ম, মাধ্যমিক/প্রাপ্তবয়স্কদের জন্য - গ্রেড ১০-১২ এবং তার উর্ধে ছাত্র-ছাত্রীদের জন্য।

আমি কীভাবে জানব আমার ক্লাশের একজন ছাত্র/ছাত্রীকে স্ব-মূল্যায়নের কোন ফর্মটি দিতে হবে?

- প্রথমে ছাত্র/ছাত্রীর স্কুল গ্রেড দেখে ঠিক করুন উল্লিখিত চারটি ভাগের কোন ভাগের ফর্ম সে পাবে। উদাহরণ স্বরূপ যদি সে গ্রেড ৩ এ পড়ে তাহলে সে প্রাথমিক বছরগুলোর জন্য নির্ধারিত ফর্ম পাবে।

- এরপর আপনার পর্যবেক্ষণ, কোন ধরণের প্রমাণ বা ভাষার উপর কোন অনানুষ্ঠানিক পরীক্ষা দ্বারা তার ভাষা বিষয়ক দক্ষতা এবং কাছাকাছি স্তর নির্ধারণ করুন। যদি ছাত্র/ছাত্রী হেরিটেজ ভাষা কেবল শেখা শুরু করছে, তাহলে ফর্ম ক১.১/ক১.২ দিয়ে শুরু করুন। ছাত্র/ছাত্রী হেরিটেজ ভাষায় সাবলীল হলে পরবর্তী স্তরের ফর্ম, ফর্ম ক২.১/ক২.২ দিয়ে শুরু করুন।

আমি কোন ছাত্র/ছাত্রীর শিক্ষা মন্ত্রণালয় প্রদত্ত ছাত্র/ছাত্রী নাম্বারটি কোথায় থেকে পাব?

- সাসকাচুয়ানে প্রাক্-কিন্ডারগার্টেন থেকে শুরু করে গ্রেড-১২ পর্যন্ত সকল ছাত্র/ছাত্রীর ছাত্র/ছাত্রী নাম্বার আছে।অভিভাবক বা বয়স্ক ছাত্র/ছাত্রীরা স্কুলের প্রিন্সিপাল বা সেক্রেটারির কাছ থেকে এই নাম্বারটি পেতে পারে।

কখন একজন ছাত্র/ছাত্রী পরবর্তি স্তরে যাওয়ার জন্য তৈরী হবে?

- একজন ছাত্র/ছাত্রী পরের স্তরে অগ্রসর হতে পারবে যদি সে তার বর্তমান স্তরের “আমি পারি” এই বিবৃতির অর্ধেকের বেশী কোন সাহায্য ছাড়া করতে পারে।

- যখন কোন ছাত্র/ছাত্রী পরের স্তরে অগ্রসর হবে তখন বাকী “আমি পারি” বিবৃতিগুলোকে বাদ দেয়া হবেনা। ছাত্র/ছাত্রী বাকী দক্ষতাগুলো অর্জনের জন্য কাজ করে যাবে যতক্ষণ না সে এই দক্ষতাগুলো কোন সাহায্য ছাড়া করতে সক্ষম হয়। কোন স্তরের দক্ষতাগুলো সম্পূর্ণভাবে আয়ত্ব করার জন্য কোন সময় সীমা নেই। যদিও ছাত্র/ছাত্রীকে সময়ের সাথে সাথে তার অগ্রগতি দেখাতে হবে।

কোন ছাত্র/ছাত্রী হেরিটেজ ভাষায় খুব ভালভাবে কথা বলতে পারলে সে কি এক স্তর ডিঙ্গিয়ে আরেক স্তরে যেতে পারবে?

- না। ছাত্র/ছাত্রীরা পর্যায়ক্রমে প্রতিটি স্তরের ভেতর দিয়ে অগ্রসর হবে। কোন ছাত্র/ছাত্রী হয়ত অন্য দক্ষতার তুলনায় কিছু দক্ষতায় উপরের স্তরে থাকতে পারে। যেমন কোন ছাত্র/ছাত্রী সাবলীলভাবে হেরিটেজ ভাষায় কথা বলতে পারে, কিন্তু পড়া এবং লেখার বেলায় সে হয়ত শুরুর স্তরে।

কোন ছাত্র/ছাত্রী যদি পড়া বা লেখা শুরু না করে থাকে তাহলে আমার করণীয় কি?

- অনেক ভাষা শিক্ষক শুরুর স্তরের ছাত্র/ছাত্রীকে (ক১.১) শোনা, বলা এবং কথকোপথন দিয়ে শুরু করেন। যদি ছাত্র/ছাত্রীরা তখনও পড়তে এবং লিখতে না পারে তাহলে মূল্যায়ন ফর্মের এই দক্ষতার অংশগুলো ততদিন পর্যন্ত অপূর্ণ রাখুন যতদিন না তারা ক্লাশে সেই দক্ষতাগুলো আয়ত্ব করে।

কোন ছাত্র/ছাত্রী স্কুলে গ্রেড ১ এ যায় এবং সে সদ্য হেরিটেজ ভাষা শিক্ষা শুরু করেছে। আমি কি তার জন্য প্রাথমিক বছরগুলোর ফর্ম ব্যবহার করব না কি প্রারম্ভিক বছরগুলোর ফর্ম ব্যবহার করব?

- কোন ছাত্র/ছাত্রীর স্কুল গ্রেড নির্ধারণ করবে তার জন্য কোন ফর্ম ব্যবহার করা হবে। যদি কোন ছাত্র/ছাত্রী গ্রেড ১ এ যায় তাহলে তার জন্য প্রাথমিক বছরগুলোর ফর্ম সমূহ থেকে একটি ফর্ম বেছে নেয়া হবে। যে শিক্ষার্থী সবে ভাষা শিক্ষা শুরু করতে যাচ্ছে তার বেলা ক১.১ স্তর থেকে শুরু করতে হবে।

আমার কিন্ডারগার্টেন এবং গ্রেড ১ থেকে ৩ এর ছাত্র/ছাত্রীদের স্ব-মূল্যায়নের ফর্ম পড়তে অসুবিধা হচ্ছে। এ ক্ষেত্রে আমার কি করা উচিৎ?

- শিক্ষকেরা ছোট ছাত্র/ছাত্রীদেরকে তাদের স্ব-মূল্যায়ন ফর্মের ব্যাপারে সাহায্য করতে পারেন। একেক বারে শুধু একটি বা দুটি “আমি পারি” বিবৃতির উপর নজর দিন। যেমন কোন ছাত্র/ছাত্রীকে কোন কিছুর ছবি দেখিয়ে তার নাম বলতে বলুন, একটি গান গাইতে বলুন বা তার নাম লিখতে বলুন। তখন ছাত্র/ছাত্রী তাদের স্ব-মূল্যায়ন ফর্মের যথাযথ ছকে টিক চিহ্ন দেবে তা সে সেই কাজটি সম্পন্ন করতে পারল “অনেক সাহায্য নিয়ে”, “অল্প সাহায্য নিয়ে” বা “কোন সাহায্য ছাড়া” তার উপর।

বয়স্ক ছাত্র/ছাত্রীরা কীভাবে তাদের স্ব-মূল্যায়ন ফর্ম ব্যবহার করবে?

- বয়স্ক ছাত্র/ছাত্রীরা তাদের স্ব-মূল্যায়ন ফর্ম এককভাবে, কোন সঙ্গী নিয়ে, ছোট ছোট দলে বিভক্ত হয়ে অথবা পুরো ক্লাশ মিলে পূরণ করতে পারবে।

কীভাবে আমি একজন ছাত্র/ছাত্রীর ভাষার সার্বিক অবস্হান নিরূপণ করব?

- স্ব-মূল্যায়নের ফর্মে দক্ষতার যায়গায় (শোনা, কথকোপথন, বলা, পড়া এবং লিখা) কতগুলো বিশেষ্য (দক্ষতার সুনির্দিষ্ট বর্ণনা)আছে এবং প্রত্যেক দক্ষতার এলাকার নীচে একটি সর্বমোট নম্বর উল্লেখ করা আছে।

- বছরের শেষে প্রত্যেক দক্ষতার এলাকার নীচের এই নম্বরগুলো যোগ করে ছাত্র/ছাত্রীর অবস্হান নির্ধারণ করা হবে। একজন ছাত্র/ছাত্রীকে অবশ্যই “আমি পারি” এই বিবৃতির অর্ধেকের বেশী কোন সাহায্য ছাড়া করতে হবে পরের স্তরে অগ্রসর হওয়ার জন্য।

ক১.২ শোনা	ক১.২ কথকোপথন	ক১.২ বলা	ক১.২ পড়া	ক১.২ লিখা	সার্বিক অবস্হান: ক১.২
৩/৪	৩/৪	২/৪	১/৩	১/৩	**১০/১৮**

কতদিন পরপর ছাত্র/ছাত্রীরা তাদের স্ব-মূল্যায়ন ফর্ম পূরণ করবে?

- স্কুলবর্ষ চলাকালীন কমপক্ষে একবার এবং স্কুলবর্ষের শেষে আরেকবার ছাত্র/ছাত্রীরা তাদের স্ব-মূল্যায়ন ফর্ম পূরণ করবে। প্রতিটি স্ব-মূল্যায়ন ফর্মে পৃথক দুইবারের স্ব-মূল্যায়ন লিপিবদ্ধ করার যায়গা আছে।

আমি কীভাবে স্ব-মূল্যায়ন করার সময় পাব? সপ্তাহে মাত্র একদিন আমার হেরিটেজ ভাষার ক্লাশ হয়।

- ছাত্র/ছাত্রীরা যখন শিখছে তখন তারা স্ব-মূল্যায়নও করছে।তাদেরকে প্রত্যেকটি দক্ষতার ব্যাপারে চিন্তা করতে হবে এবং নিজের কাছে, অন্যের কাছে বা তাদের শিক্ষকের কাছে এই দক্ষতা যে সে আয়ত্ব করেছে তার দৃষ্টান্ত দেখাতে হবে। স্ব-মূল্যায়ন ক্লাশের পড়াশুনারই অংশ হতে পারে। শিক্ষকেরা স্ব-মূল্যায়নের ব্যাপারে ছাত্র/ছাত্রীদের সহায়তা দানের জন্য ভলান্টিয়ার, পিতা-মাতা বা অন্য ছাত্র/ছাত্রীর সাহায্য চাইতে পারেন। সাহায্যকারিরা ছাত্র/ছাত্রীদের ভাষার দক্ষতাসমূহ পর্যবেক্ষণ করে কোনটি অল্প সাহায্য নিয়ে আর কোনটি কোন সাহায্য ছাড়া করতে পারে তা নিশ্চিত করবে।

আমি কি একটি স্ব-মূল্যায়ন ফর্ম একাধিক বছরের জন্য ব্যবহার করতে পারব?

- হ্যা। কোন ছাত্র/ছাত্রীর কোন এক স্তরের দক্ষতাগুলো আয়ত্ব করতে এক বছরেরও বেশী সময় লাগতে পারে। সে কারণে প্রত্যেক বিশেষ্যর পাশে একাধিক তারিখের যায়গা আছে।

স্ব-মূল্যায়নের ফর্মটি পূরণ হবার পর কার কাছে থাকবে?

- একজন ছাত্র/ছাত্রী নিজেই তার পূরণ করা স্ব-মূল্যায়ন ফর্মের মালিক। শিক্ষক অবশ্য শিক্ষাবর্ষ চলাকালীন এই ফর্মগুলো একটি ফাইলে রাখতে পারেন যাতে করে যখনই স্ব-মূল্যায়ন হবে তখনই এই ফর্মগুলো বের করে আনা যায়।